গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম

মুজিববর্ষ ১০০

জুলাই-২০২১ মাসের রৌমারী উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব শেখ আব্দুল্লাহ্<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম। |
| সভার তারিখ | ঃ | ২০/০৭/২০২১খ্রিঃ। |
| সময় | ঃ | বেলা ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রৌমারী, কুড়িগ্রাম। |
| সভার উপস্থিতি | ঃ | হাজিরা খাতায় সংরক্ষিত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নিম্নোক্ত আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করেন।

আলোচ্য বিষয়ঃ

১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের গুরুত্বপূর্ণ কার্যাবলী সম্পর্কে আলোচনা।
৩। বিবিধ।

১নং আলোচ্য বিষয়ে সভায় পূর্ব সভার সিদ্ধান্ত পাঠ করা হয়। উক্ত সিদ্ধান্তসমূহে কোন সংযোজন/বিয়োজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২নং আলোচ্য বিষয়ে সকল সরকারি দপ্তর প্রধানগণের নিকট তাদের দপ্তরের জরুরী ও গুরুত্বপূর্ণ কার্যাবলী সম্পর্কে জানতে চাইলে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, করোনাকালীন সময় মাধ্যমিক পর্যায়ে অনলাইন ক্লাস চলমান রয়েছে, শিক্ষার্থীদের এসাইনমেন্ট এর মাধ্যমে শিক্ষাদান কার্যক্রম চলমান। টাপুরচর বিজি উচ্চ বিদ্যালয়ের মাঠে রাস্তা নির্মাণের মালামাল রাখা হয়েছে মর্মে সেই বিদ্যালয়ের প্রধান শিক্ষক মালামাল অপসারণের জন্য আবেদন করেছেন। তার আবেদনের প্রেক্ষিতে জানা যায় যে, টাপুরচর বিজি উচ্চ বিদ্যালয় ভবনটি নবনির্মিত ভবন। ভবনের পাশে এবং মাঠে রাস্তা নির্মাণের মালামাল রাখার কারণে বিদ্যালয় ভবনের ক্ষতি সাধিত হচ্ছে এবং মাঠের সৌন্দর্য নষ্ট হচ্ছে। দ্রুত মালামাল অপসারণ করা প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। টাপুরচর বিজি উচ্চ বিদ্যালয় মাঠে রক্ষিত রাস্তা নির্মাণের মালামাল দ্রুত অপসারণের বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

বাস্তবায়নে ঃ১। উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, রৌমারী উপজেলার অনেক রাস্তা এলজিইডি কর্তৃক আইডিভুক্ত না হওয়ায় রাস্তাগুলি উন্নয়ন করা সম্ভব হচ্ছে না। স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, জনপ্রতিনিধিগণের সঙ্গে আলোচনা করে উপ-সহকারী প্রকৌশলীগণ কর্তৃক পরিদর্শনপূর্বক নিম্নোক্ত জনগুরুত্বপূর্ণ রাস্তাগুলি আইডিভুক্ত করা হয়। তিনি নতুন আইডিভুক্ত রাস্তাগুলি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

| ক্র. নং | রাস্তার নাম | চেইনেজ | আইডি নং |
|---|---|---|---|
| ০১ | সায়দাবাদ ছবুরের খেয়াঘাট হতে খেয়ারচর হাট ভায়া র‍্যাবার ড্যাম। | ০০-৩৫০০ মিটার | ১৪৯৭৯৪০৭৭ |
| ০২ | পূর্ব যাদুরচর বাওয়াইর গ্রাম হতে দুবলাবাড়ী হাট রাস্তা। | ০০-৩৫০০ মিটার | ১৪৯৭৯৫০৮৭ |
| ০৩ | পূর্ব জত্তির কান্দা হতে বাঘমারা বাঁধ পর্যন্ত রাস্তা। | ০০-২২৫০ মিটার | ১৪৯৭৯৫০৮৮ |
| ০৪ | চর খঞ্জনমারা হতে বন্দবেড় ইউনিয়ন পরিষদ ভায়া বাইশপাড়া রাস্তা। | ০০-২১০০ মিটার | ১৪৯৭৯৫০৮৯ |
| ০৫ | তুরা রোড সওদাগরের বাড়ী হতে পূর্ব ইছাকুড়ি গোয়ালগ্রাম হাট জকির মোড় রাস্তা। | ০০-৩০০০ মিটার | ১৪৯৭৯৫০৯০ |
| ০৬ | রৌমারী বিজিবি ক্যাম্প হতে কেতির মোড় পর্যন্ত রাস্তা। | ০০-২১৫০ মিটার | ১৪৯৭৯৫০৯১ |
| ০৭ | কলমের চর ব্রীজ হতে গয়টাপাড়া বিজিবি ক্যাম্প ভায়া গয়টাপাড়া জিপিএস রাস্তা। | ০০-২২৫০ মিটার | ১৪৯৭৯৫০৯২ |
| ০৮ | হরিণধরা বাদের হাট পাকা রাস্তা হতে চর বোয়ালমারী স্কুল পর্যন্ত রাস্তা। | ০০-২০৬৫ মিটার | ১৪৯৭৯৫০৯৩ |

চলমান পাতা-০২

| | | | |
|---|---|---|---|
| ০৯ | তুরা রোড হতে উত্তরে শহিদুল মেম্বারের বাড়ী হয়ে চর বামনের চর পাকা রাস্তা পর্যন্ত। | ০০-২৫০০ মিটার | ১৪৯৭৯৫০৯৪ |
| ১০ | কাঠালবাড়ী দক্ষিণ জামে মসজিদ হতে বড় মাদারটিলা ব্রীজ ভায়া কোনাচী পাড়া স্কুল পর্যন্ত। | ০০-২৩০০ মিটার | ১৪৯৭৯৫০৯৫ |
| ১১ | কোনাচী পাড়া স্কুল হতে চাক্তাবাড়ী রোড ভায়া ঠনঠনি পাড়া রাস্তা। | ০০-৩০০০ মিটার | ১৪৯৭৯৫০৯৬ |

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। উপরোক্ত ১১(এগার)টি রাস্তা জনগুরুত্বপূর্ণ হওয়ায় জরুরী ভিত্তিতে আইডিভুক্তকরণের অনুমোদন প্রদান করা হলো।

বাস্তবায়নে ঃ ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৩। উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।
৪। সংশ্লিষ্ট সকল।

অন্যান্য দপ্তর প্রধানগণ সকলে জানান যে, বর্তমান সময়ে তাঁদের দপ্তরের কোন গুরুত্বপূর্ণ কার্যাবলী চলমান নেই।

৩.১ বিবিধ বিষয়ে আলোচনায় মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় জানান যে, রৌমারী হাসপাতালটি এ এলাকার ৬টি ইউনিয়নের জনগণের একমাত্র ভরসাস্থল। ৬টি ইউনিয়নের জনগণ এই হাসপাতালে চিকিৎসা গ্রহণ করেন। কিন্তু হাসপাতালে একটি জেনারেটর ব্যবস্থা নাই। যার কারণে লোডশেডিং এর সময় হাসপাতালের রোগীরা সীমাহীন কষ্ট ভোগ করেন। তাই রৌমারী হাসপাতালে একটি জেনারেটর এর ব্যবস্থা করার জন্য তিনি সভায় অনুরোধ জানান। এছাড়া এ উপজেলার শিক্ষার্থীদের স্যানিটারী ন্যাপকিন বিতরণের প্রকল্প গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা রৌমারী হাসপাতালে জেনারেটরের ব্যবস্থা করবেন।
২। রৌমারী উপজেলার শিক্ষার্থীদের স্যানিটারী ন্যাপকিন বিতরণের প্রকল্প গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে ঃ ১। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
২। সহকারী কমিশনার (ভূমি), রৌমারী, কুড়িগ্রাম।

৩.২ বিবিধ বিষয়ে আলোচনায় সভাপতি জানান যে, গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় রৌমারী বাজারে ৪তলা ফাউন্ডেশনের দোতলা ভবন নির্মাণ কাজ বাস্তবায়িত হচ্ছে। ভবন নির্মাণের জায়গায় দীর্ঘদিন যাবত ব্যবসা পরিচালনাকারী ১২(বার)জন ব্যবসায়ী নির্মিত ভবনে দোকান বরাদ্দ চেয়ে আবেদন করেছেন। তাদের আবেদনটি তিনি সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় রৌমারী বাজারে ৪তলা ফাউন্ডেশনের দোতলা ভবন নির্মাণের জায়গায় পূর্বে ব্যবসা পরিচালনাকারী ব্যবসায়ীগণকে নির্মিত ভবনে বরাদ্দ প্রদানে অগ্রাধিকার প্রদান করতে হবে।

বাস্তবায়নে ঃ ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।

৩.৩ বিবিধ বিষয়ে আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে,২০২০-২০২১ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ক্যাশবহি লিপিবদ্ধ করতে গিয়ে ক্যাশবহির চেয়ে ব্যাংক স্টেটমেন্টে ১৬০৪০/- (ষোল হাজার চল্লিশ) টাকা বেশি পাওয়া যায়। অনেকবার যাচাই করার পরও উক্ত টাকার কোন উৎস খুজে পাওয়া না যাওয়ায় বর্ণিত টাকা বিবিধ আয় হিসেবে ক্যাশবহিতে লিপিবদ্ধ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। ২০২০-২০২১ অর্থবছরের ক্যাশবহিতে বিবিধ আয় হিসেবে ১৬০৪০/- (ষোল হাজার চল্লিশ) টাকা লিপিবদ্ধকরণের অনুমতি প্রদান করা হলো।

বাস্তবায়নে ঃ ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।

৩.৪ বিবিধ বিষয়ে আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ডেপুটি জেনারেল ম্যানেজার (অঃদাঃ), জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি, রৌমারী জোনাল অফিস রৌমারী উপজেলা পরিষদ কার্যালয়ের মেইন মিটারের জুন-২০১৯ হতে এপ্রিল-২০২১ পর্যন্ত মোট ২৩(তেইশ) মাসের ২,৬০,০৪৮/- (দুই লক্ষ যাট হাজার আটচল্লিশ) টাকার বকেয়া বিল দাখিল করেন। বিলসমূহ পর্যালোচনা করে সঠিক পাওয়া যায়। সর্বমোট বিলের উপর ৫% কর্তন করে অবশিষ্ট ২,৪৭,০৪৬/- (দুই লক্ষ সাতচল্লিশ হাজার ছয়চল্লিশ) টাকা পরিশোধ করা যায়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(চ) নং খাত হতে ২,৪৭,০৪৬/- (দুই লক্ষ সাতচল্লিশ হাজার ছয়চল্লিশ) টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।



CamScanner

৩.৫: বিবিধ বিষয়ে আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী উপজেলা পরিষদের নিম্নোক্ত বিলসমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

১। জুন-২০২১ মাসের আপ্যায়ন বিল ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।
২। জুন-২০২১ মাসের আনুসাঙ্গিক বিল ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।
৩। জুন-২০২১ মাসের ১৭টি কমিটির আপ্যায়ন বিল ৮,০০০/- (আট হাজার) টাকা।
৪। ৭/গ ও ৭/ঘ নং বাসার জানালার গ্রীল সরবরাহ বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ক) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।
৫। ৭/গ ও ৭/ঘ নং বাসার বিদ্যুৎ লাইন মেরামত বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ক) নং খাত হতে ১৫,০০০/- (পনের হাজার) টাকা পরিশোধ।
৬। ৭/গ ও ৭/ঘ নং বাসা মেরামত বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ক) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।
৭। উপজেলা পরিষদের পুরাতন ভবনের নিচতলার দুটি কক্ষের মেঝে মেরামত বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ক) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।
৮। ২০২০-২০২১ অর্থবছরের রাজস্ব উন্নয়ন তহবিলের আওতায় গৃহিত প্রকল্পসমূহের বিজ্ঞপ্তি দুটি পত্রিকায় প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তি প্রকাশ বাবদ দৈনিক কালবেলা পত্রিকার অনুকূলে ১৪,৩১৫/- (চৌদ্দ হাজার তিনশত পনের) টাকা এবং দৈনিক যুগের আলো পত্রিকার অনুকূলে ১০,৭১০/- (দশ হাজার সাতশত দশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ঢ) নং খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।
৯। ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র আওতায় গৃহিত প্রকল্পসমূহের বিজ্ঞপ্তি দুটি পত্রিকায় প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তি প্রকাশ বাবদ দৈনিক ভোরের কাগজ পত্রিকার অনুকূলে ৪৯,৬৮০/- (উনপঞ্চাশ হাজার ছয়শত আশি) টাকা এবং দৈনিক সচেতনকণ্ঠ পত্রিকার অনুকূলে ১৭,৬৬৪/- (সতের হাজার ছয়শত চৌষট্টি) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ঢ) নং খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।
১০। উপজেলা পরিষদে ৬টি কাঠের চেয়ার সরবরাহ বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ছ) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।
১১। উপজেলা পরিষদ ডরমেটরী মেরামত বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ক) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।
১২। উপজেলা পরিষদে ৬টি কাঠের চেয়ার সরবরাহ বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ছ) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।
১৩। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন রংকরণ বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ক) নং খাত হতে ২৪,৬৪০/- (চব্বিশ হাজার ছয়শত চল্লিশ) টাকা পরিশোধ।
১৪। উপজেলা পরিষদে ৪টি কাঠের চেয়ার সরবরাহ বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ছ) নং খাত হতে ২২,০০০/- (বাইশ হাজার) টাকা পরিশোধ।
১৫। উপজেলা পরিষদ চত্বর, চেয়ারম্যানের বাসভবন, শহীদ মিনার চত্বর, মুক্তিযোদ্ধা স্মৃতিফলক ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বর্জ্য পরিস্কার বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ভ) নং খাত হতে ১০,০০০/- (দশ হাজার) টাকা পরিশোধ।
১৬। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির লাইন ও মটর মেরামত বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ট) নং খাত হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা পরিশোধ।
১৭। উপজেলা পরিষদের ৮নং বাসা রংকরণ বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ক) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।
১৮। উপজেলা পরিষদে ৬টি কাঠের চেয়ার সরবরাহ বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ছ) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।
১৯। উপজেলা পরিষদের জেনারেটর জ্বালানি বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ঢ) নং খাত হতে ১২,০০০/- (বারো হাজার) টাকা পরিশোধ।
২০। উপজেলা পরিষদের ৮/গ নং বাসার প্লাস্টার ভাঙ্গা ও মেঝে মেরামত বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ক) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।
২১। উপজেলা পরিষদের ৮নং বাসার জানালা ও দরজা মেরামত বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ক) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।
২২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ল্যাট্রিন মেরামত বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ক) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।
২৩। উপজেলা পরিষদের জেনারেটর জ্বালানি বাবদ (মার্চ-২০২১ হতে জুন-২০২১ পর্যন্ত) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ঢ) নং খাত হতে ১১,০৫০/- (এগার হাজার পঞ্চাশ) টাকা পরিশোধ।
২৪। উপজেলা যুব উন্নয়ন অফিসের দরজা-জানালা মেরামত বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ক) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।

চলমান পাতা-০৪

CamScanner

২৫। উপজেলা পরিষদ হলরুমের পানি সরবরাহ করার জন্য একটি পানির পাম্প স্থাপন বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ট) নং খাত হতে ২৩,৫০০/- (তেইশ হাজার পাঁচশত) টাকা পরিশোধ।

২৬। উপজেলা পরিষদ ডরমেটরীর রংকরণ বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ক) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।

২৭। উপজেলা পরিষদের টেন্ডার কাজ, করোনা ভাইরাস প্রতিরোধে অভিযান পরিচালনা ও অন্যান্য নিরাপত্তা কাজে আনসার সদস্যদের পারিশ্রমিক বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ঘ) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।

২৮। করোনা ভাইরাস প্রতিরোধে কর্ত্তিমারী বাজার, বড়াইকান্দি বাজারে করোনা প্রতিরোধী অভিযান পরিচালনায় আনসার সদস্যদের পারিশ্রমিক বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ঘ) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।

২৯। উপজেলা পরিষদের অফিস ও বাসাবাড়ীর উপর নির্ধারিত ট্যাক্স বাবদ বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(চ) নং খাত হতে রৌমারী ইউনিয়ন পরিষদের অনুকূলে ৩৬,৬৯০/- (ছত্রিশ হাজার ছয়শত নব্বই) টাকা পরিশোধ।

৩০। মহান স্বাধীনতা দিবসের ডিউটি ও রৌমারী বাজারে অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনায় আনসার সদস্যদের পারিশ্রমিক বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ঘ) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।

৩১। পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে রৌমারী বাজারে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, করোনা ভাইরাস প্রতিরোধে অভিযান পরিচালনায় আনসার সদস্যদের পারিশ্রমিক বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ঘ) নং খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ।

৩২। করোনা ভাইরাস প্রতিরোধে মাস্ক ক্রয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা অপ্রত্যাশিত খাত হতে পরিশোধ।

৩৩। করোনা ভাইরাস প্রতিরোধে হেক্সিসল ক্রয় বাবদ ২৩,৮৫০/- (তেইশ হাজার আটশত পঞ্চাশ) টাকা অপ্রত্যাশিত খাত হতে পরিশোধ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৩-৬-২১

(শেখ আব্দুল্লাহ্)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
রৌমারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম

স্মারক নং ০৫.৪৭.৪৯৭৯.০০০.০৩.০১১.১৯- ৬৯৭

তারিখঃ ৩০/০৬/২০২১খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। জনাব মোঃ জাকির হোসেন, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/পানি উন্নয়ন বোর্ড, কুড়িগ্রাম।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
৮। উপজেলা................................................................ কর্মকর্তা/অফিসার ইনচার্জ, রৌমারী থানা, রৌমারী, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, দাঁতভাঙ্গা/শৌলমারী/বন্দবেড়/রৌমারী/যাদুরচর/চর শৌলমারী ইউপি, রৌমারী, কুড়িগ্রাম।
১০। ......................................................................................................... রৌমারী, কুড়িগ্রাম।
১১। অফিস কপি।

৩০/০৬/২০২১

(মোঃ আল ইমরান)
উপজেলা নির্বাহী অফিসার
রৌমারী, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৮-৫৬০০১
ফ্যাক্স ঃ ০৫৮২৮-৫৬০০৭
ইমেইল ঃ unorowmari@mopa.gov.bd

CamScanner